Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৫ আষাঢ় ১৪৩৩

# DU in Media

9 July 2026

## Bangladesh Today

### DU VC off to UK for attending ACU Council meeting



Dhaka University (DU) Vice-Chancellor Prof. Dr. A. B. M. Obaidul Islamhas left Dhaka yesterday for London, UK on a 4-day official visit for attending the council meeting of the Association of Commonwealth Universities (ACU).

During the visit DU VC Prof. Dr. A. B. M. Obaidul Islam will participate in a roundtable on "Leading Universities through Transformation: What will Higher Education Leadership Require by 2035?". He will deliver lecture and share knowledge there onthe changing role of universities and the leadership challenge, new challenges of current leadershipdevelopment programmes, different gaps in current leadership pipelines, creating universities more diverse and inclusive leadership pathways and development of skills, capabilities and attributes of futureuniversity leaders.

He will also attend the Council Meeting of ACU to be held on July09-10, 2026 in London. He is expected to hold bilateral talks of mutual interests especially on higher education, research and scholarship programs with ACU authorities as well as Vice-Chancellors of different renowned universities.

He is expected to return home on July12, 2026. Dhaka University Pro-Vice Chancellor (Academic) Prof. Dr. Abdus Salamin addition to his duties will discharge routine works of the Vice-Chancellor during Prof. Dr. A. B. M. Obaidul Islam's visit to UK.

## New Nation

### DU VC joins ACU meeting in London

Staff Reporter

University of Dhaka Vice-Chancellor Prof. Dr. A. B. M. Obaidul Islam left for London on Tuesday on a four-day official visit to attend the council meeting of the Association of Commonwealth Universities (ACU).



During the visit, the DU Vice-Chancellor will take part in a roundtable discussion titled "Leading Universities through Transformation: What will Higher Education Leadership Require by 2035?"

He is scheduled to deliver a lecture highlighting the changing role of universities, leadership challenges in higher education, gaps in existing leadership development programmes, the need for diverse and inclusive leadership pathways, and the skills required for future university leaders.

## Country Today

### CAMPUS CORNER

### DU VC leaves for UK to attend ACU Council meeting



DU Correspondent

Dhaka University Vice-Chancellor Professor Dr. ABM Obaidul Islam left Dhaka for London, UK on Wednesday., on a 4-day official visit to attend the Council Meeting of the Association of Commonwealth Universities (ACU). During the visit, Vice-Chancellor Prof Dr. ABM Obaidul Continued to page 4

### DU VC leaves for

Islam will participate in a roundtable discussion titled 'Leading Universities through Transformation: What will Higher Education Leadership Require by 2035?'. There, he will speak and share experiences on the changing role and leadership challenges of universities, new challenges of the current leadership development program, various shortcomings in the current leadership style, paving the way for more diverse and inclusive leadership in universities, and developing the skills, capabilities, and qualities of future leaders of the university. The Vice-Chancellor will attend the ACU Council meeting to be held in London on 9-10 July 2026. During the visit, he is scheduled to hold bilateral discussions with ACU authorities and Vice-Chancellors of various renowned universities on issues of mutual interest, including higher education, research and scholarship programs. He is expected to return to the country on July 12, 2026. In the absence of the Vice-Chancellor, Pro-Vice Chancellor (Education) Prof Dr. Abdus Salam will perform the routine duties.

## New Age



ABM Obaidul Islam

### DU VC off to UK for attending ACU meeting

Staff Correspondent

VICE-CHANCELLOR of the University of Dhaka Professor ABM Obaidul Islam left Dhaka on Wednesday for London in the United Kingdom on a four-day visit for attending the council meeting of the Association of Commonwealth Universities.

During the visit, Professor Obaidul Islam will participate in a roundtable titled 'Leading Universities through Transformation: What will Higher Education Leadership Require by 2035?', said a press release.

He will deliver lecture and share knowledge there on the changing role of universities and the leadership challenge, new challenges of current leadership development programmes, different gaps in current leadership pipelines, creating universities more diverse and inclusive leadership pathways and development of skills, capabilities and attributes of future university leaders.

He will also attend the council meeting of ACU to be held in London in July 9-10.

He is expected to hold bilateral talks of mutual interests especially on higher education, research and scholarship programmes with ACU authorities as well as vice-chancellors of different renowned universities.

He is expected to return home on July 12.

DU pro-VC, academic, Professor Abdus Salam in addition to his duties will discharge routine works of the VC during Professor Obaidul Islam's visit to UK.

## আমার দেশ

আমার দেশ বৃহস্পতিবার ■ ৯ জুলাই ২০২৬ ■ ২৫ আ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে বুধবার ইতিহাস বিভাগের নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালসহ অতিথিরা ◎ আমার দেশ

### ঢাবিতে নবীনবরণে ডেপুটি স্পিকার

# জীবনে বড় হতে গেলে কঠোর শৃঙ্খলা প্রয়োজন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল বলেছেন, জীবনে সফলতা অর্জনের জন্য কঠোর শৃঙ্খলা, নিয়মিত ক্লাসে উপস্থিতি এবং শিক্ষকদের কঠোর শাসনের গুরুত্ব রয়েছে। গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে ইতিহাস বিভাগের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের নবীনবরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ডেপুটি স্পিকার বলেন, 'শৃঙ্খলা না থাকলে জীবনে কখনোই বড় হওয়া যায় না। শিক্ষকদের কঠোরতার ফলই আজকের এই আমি।'

নিজের বিশ্ববিদ্যালয় জীবনের স্মৃতিচারণ করে কায়সার কামাল বলেন, ১৯৮৯-৯০ শিক্ষাবর্ষে তিনিও এই বিভাগের একজন নবীন শিক্ষার্থী ছিলেন। আজকের নবীনদের দেখে তার নিজের প্রথম দিনের কথা মনে পড়ে গেছে। এক বুক স্বপ্ন, প্রত্যাশা এবং কিছুটা শঙ্কা নিয়েই তিনি এই ক্যাম্পাসে পথচলা শুরু করেছিলেন।

ইতিহাস শিক্ষার গুরুত্ব তুলে ধরে ডেপুটি স্পিকার বলেন, 'ইতিহাস কেবল অতীতের ঘটনাবলি মুখস্থ করার বিষয় নয়। ইতিহাস একটি আয়না, যেখানে একটি জাতি নিজেকে চিনতে শেখে। যে জাতি তার ইতিহাস জানে না, সে ভবিষ্যতের পথও সঠিকভাবে খুঁজে পায় না।'

বক্তব্যের একপর্যায়ে নিজের ছাত্রজীবনের একটি ঘটনা তুলে ধরে আবেগাপ্লুত হয়ে পড়েন ডেপুটি স্পিকার। তিনি বলেন, অনার্স শেষ বর্ষে প্রয়োজনীয় ক্লাস উপস্থিতি না থাকায় তাকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হয়নি। সে সময় বিভাগের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন কোনো সুপারিশ বা প্রভাবের কাছে নতিস্বীকার করেননি।

তিনি বলেন, 'আমি ভেবেছিলাম হয়তো কোনোভাবে অনুমতি পাব। কিন্তু স্যার স্পষ্ট জানিয়ে দিয়েছিলেন নিয়ম সবার জন্য সমান। আমাকে আরো এক বছর নিয়মিত ক্লাস করতে হয়েছিল। পরে পরীক্ষা দিয়েছি। সেদিন হয়তো কষ্ট পেয়েছিলাম, কিন্তু আজ বুঝি, শিক্ষকদের সেই কঠোর সিদ্ধান্তই আমাকে শৃঙ্খলার মূল্য শিখিয়েছে। শিক্ষকদের কঠোরতাই আজকের আমি।'

অনুষ্ঠানে বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. আশফাক হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার। সহকারী অধ্যাপক ড. শারমিন জাহান চৌধুরী স্বাগত বক্তব্য রাখেন। নবীন শিক্ষার্থীদের পক্ষে অনুভূতি ব্যক্ত করেন মো. তাওহীদ হামিদ ও তামমিহা জামান সুস্মিতা। অনুষ্ঠান সঞ্চালনা করেন সহযোগী অধ্যাপক মিঠুন কুমার সাহা।

## দৈনিক ইত্তেফাক

# দেশের যে কোনো সংকটময় পরিস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় জাতিকে নেতৃত্ব দিয়েছে

-------- ডেপুটি স্পিকার

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষা আন্দোলন, মহান মুক্তিযুদ্ধ, ১৯৯০-এর গণঅভ্যুত্থান থেকে শুরু করে চব্বিশের গণঅভ্যুত্থান, দেশের বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে সব সময় পথপ্রদর্শকের ভূমিকা পালন করেছে বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। তিনি বলেন, দেশের যে কোনো সংকটময় পরিস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় জাতিকে নেতৃত্ব দিয়েছে এবং ভবিষ্যতেও দেশের অগ্রযাত্রায় এ বিশ্ববিদ্যালয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি অডিটোরিয়ামে ইতিহাস বিভাগের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ডেপুটি স্পিকার বলেন, ইতিহাস বিভাগ কেবল অতীতের ঘটনাবলি জানার স্থান নয়, বরং ইতিহাস একটি জাতিকে নিজের পরিচয় ও ভবিষ্যতের পথচলা সম্পর্কে সচেতন করে। ইতিহাসের শিক্ষার্থীদের যুক্তিবাদী, বিশ্লেষণধর্মী ও সত্যনিষ্ঠ হয়ে গড়ে উঠতে হবে, যাতে তারা দেশ ও সমাজের কল্যাণে কার্যকর ভূমিকা রাখতে পারেন। বক্তব্যের একপর্যায়ে কায়সার কামাল নিয়মিত ক্লাসে অংশগ্রহণ এবং শৃঙ্খলার গুরুত্ব তুলে ধরে নিজের শিক্ষাজীবনের একটি অভিজ্ঞতার কথা বলেন।

## দৈনিক ইত্তেফাক

# ইংরেজি মাধ্যম শিক্ষার্থীদের জন্য আলাদা প্রশ্নপত্রের পরিকল্পনা

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ইউনিটগুলোয় ইংলিশ মিডিয়াম শিক্ষার্থীদের জন্য আলাদা প্রশ্নপত্র করার প্রাথমিক সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। বিশেষ করে 'ক' ইউনিটে ইংরেজি মাধ্যম কারিকুলামের শিক্ষার্থীদের জন্য আলাদা প্রশ্নপত্র চালুর নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরবর্তীতে আরো একাধিক সভা করে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত আসবে। একই সঙ্গে লিখিত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের মানোন্নয়নে প্রতি চারটি উত্তরপত্রের জন্য একজন অতিরিক্ত পরীক্ষক নিয়োগেরও নীতিগত সিদ্ধান্ত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের একাধিক সূত্রে জানা গেছে, মঙ্গলবার সন্ধ্যায় উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত ভর্তি-সংক্রান্ত এক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে উপ-উপাচার্য, বিভিন্ন অনুষদের ডিন এবং সংশ্লিষ্ট প্রশাসনিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন। আগামী আগস্টের শুরুতে কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় প্রস্তাব দুটি চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

সূত্র জানায়, আলাদা প্রশ্নপত্রের ব্যবস্থা আপাতত শুধু 'ক' ইউনিটের জন্যই প্রস্তাব করা হয়েছে। এই ইউনিটের আওতায় রয়েছে বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসি, মৃত্তিকা, পানি ও পরিবেশ এবং প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ। এছাড়া পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট, লেদার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট এবং তথ্যপ্রযুক্তি ইনস্টিটিউটও 'ক' ইউনিটের অন্তর্ভুক্ত।

বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সূত্র বলছে, ইংরেজি মাধ্যমের পাঠ্যক্রম বাংলা মাধ্যমের তুলনায় উল্লেখযোগ্যভাবে ভিন্ন। ফলে অনেক ইংরেজি মাধ্যমের শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশ না নিয়ে বিদেশে উচ্চশিক্ষার পথ বেছে নেন। নতুন এ উদ্যোগ তাদের অংশগ্রহণ বাড়াতে সহায়ক হতে পারে।

দুই ধরনের প্রশ্নপত্রে পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীদের মেধাক্রম কীভাবে নির্ধারণ করা হবে, তা নিয়ে এর আগে বিভিন্ন অনুষদের ডিনদের সমন্বয়ে পাঁচ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। কমিটি ইতিমধ্যে তাদের সুপারিশ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে জমা দিয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক আব্দুস সালাম বিষয়টি নিশ্চিত করে বলেন, প্রস্তাবটি এখনো চূড়ান্ত হয়নি। প্রতি বছর ভর্তি পরীক্ষা শুরুর আগে ভর্তি প্রক্রিয়ায় সম্ভাব্য পরিবর্তন নিয়ে আলোচনা হয়। এবারও সেই ধারাবাহিকতায় এ প্রস্তাব এসেছে। তিনি বলেন, ব্যবসায় শিক্ষা ইউনিটের (সি ইউনিট) ভর্তি পরীক্ষায় ইতিমধ্যেই অনুরূপ ব্যবস্থা রয়েছে। সেখানে ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীরা বাংলা বিষয়ের পরিবর্তে অ্যাডভান্সড ইংলিশ অংশে পরীক্ষা দেন, তবে বাকি প্রশ্নপত্র সবার জন্য একই থাকে।

Scanned with CamScanner

## আমাদের বার্তা

# ঢাবিতে ভর্তি পরীক্ষায় ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের জন্য আলাদা প্রশ্নপত্র হবে

■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় ইংরেজি মাধ্যমের (ইংলিশ মিডিয়াম) শিক্ষার্থীদের জন্য আলাদা প্রশ্নপত্র তৈরি করার প্রাথমিক সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশেষ করে বিজ্ঞান অনুষদভুক্ত 'ক' ইউনিটে ইংরেজি মাধ্যমের পাঠ্যসূচি (কারিকুলাম) অনুসরণকারী শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য এই পৃথক প্রশ্নপদ্ধতি চালুর নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার দৈনিক আমাদের বার্তাকে এই বিষয়ে বলেন, উচ্চ শিক্ষার বড় একটা অংশ ইংরেজি মিডিয়ামের শিক্ষার্থী।

তারা যেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে বড় পরিসরে উচ্চশিক্ষা অর্জনের আগ্রহ ও সুযোগ পায় সেই জায়গা থেকেই নীতিগতভাবে প্রাথমিক সুপারিশ করা হয়েছে। তবে ভর্তিবিষয়ক কমিটির সভায় এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

এই মাসের শেষে বা আগামী মাসের প্রথম সপ্তাহে ভর্তিবিষয়ক কমিটির সভায় চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। পরবর্তীতে আরও একাধিক সভা ও ফোরামে আলোচনার মাধ্যমে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

এ বিষয়ে জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ভারপ্রাপ্ত ডিন ড. মাহমুদ ওসমান ইমাম বলেন, ব্যবসায় শিক্ষা অনুষদে অনেক আগে থেকেই ইংলিশ মিডিয়ামের শিক্ষার্থীদের জন্য আলাদা প্রশ্নপত্রে ভর্তি পরীক্ষা নেওয়া হচ্ছে।

তিনি বলেন, ভর্তি-সংক্রান্ত সভায় অন্যান্য ইউনিটেও একই ধরনের ব্যবস্থা চালু করা যায় কি না, সে বিষয়ে নীতিগত সিদ্ধান্ত হয়েছে।

তবে বিষয়টি এখনো চূড়ান্ত নয়।

গত মঙ্গলবার উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত ভর্তি-সংক্রান্ত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় দুই উপ-উপাচার্য, বিভিন্ন অনুষদের ডিন এবং অন্যান্য প্রশাসনিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

জানা গেছে, চূড়ান্ত অনুমোদনের জন্য এ-সংক্রান্ত প্রস্তাব আগামী আগস্টের প্রথম সপ্তাহে কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় উপস্থাপন করা হবে।

আলাদা প্রশ্নপত্রের এ নিয়মটি বিশেষভাবে 'ক' ইউনিটের ক্ষেত্রে প্রয়োগের আলোচনা রয়েছে। এর অধীনে বিজ্ঞান-সংশ্লিষ্ট অনুষদ ও ইনস্টিটিউট রয়েছে।

সূত্র বলছে, ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের পাঠ্যসূচি বাংলা মাধ্যমের শিক্ষার্থীদের চেয়ে অনেকটাই আলাদা। ফলে অনেক শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা দেওয়া এড়িয়ে যান এবং উচ্চশিক্ষার জন্য বিদেশে চলে যায়। তাদের বিশ্ববিদ্যালয়ে ভর্তি সুযোগ বাড়াতে এমন উদ্যোগ নেওয়া হচ্ছে।